# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 21.09.2024** **Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি এখনও উদ্বেগজনক। জল ছাড়ার পরিমাণ কিছুটা কমিয়েছে ডিভিসি।

২) রাজ্য সরকারের যথাযথ প্রস্তুতির অভাবেই বন্যা পরিস্থিতি বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন।

দক্ষিণবঙ্গের বন্যা পরিস্থিতির জন্য বিজেপি রাজ্য সরকারকে দায়ী করেছে।

৩) কলকাতা সহ পাঁচ জেলায় গঙ্গার দু-পাড়ে ভাঙণের কারণ খুঁজতে রাজ্য সরকার সমীক্ষা করাবে।

৪) RG Kar হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা, কর্মবিরতি আংশিক প্রত্যাহার করে আজ জরুরী বিভাগে কাজে যোগ দিয়েছেন। আর জি কর-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ চিকিৎসক বীরুপাক্ষ বিশ্বাস ও অভীক দে এবং সৌরভ পালকে আজ জিজ্ঞাসাবাদ করছে সিবিআই।

৫) গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে ট্রলার ডুবির ঘটনায় এখনও নিখোঁজ ৯ মৎস্যজীবী।

৬) ISL ফুটবলে কিশোর ভারতী স্টেডিয়ামে মহামেডান স্পোর্টিং আজ এফ সি গোয়ার মুখোমুখি হয়েছে।

ooooooooooooooooooooooo

রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি এখনো উদ্বেগজনক। DVC-র জল ছাড়ার পরিমাণ কিছুটা কমেছে বলে খবর । শেষ খবর পাওয়া **পর্যন্ত পাঞ্চেত থেকে ৫০ হাজার কিউসেক এবং দুর্গাপুর ব্যারেজ থেকে ৫৬ হাজার কিউসেক জল ছাড়া হচ্ছে।**

হাওড়ার উদয়নারায়ণপুরের বহু গ্রাম জলের তলায়। তবে, আজ পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। আমতা ২ নম্বর ব্লকের পাঁচটি গ্রাম পঞ্চায়েত এলাকা এখনও জলমগ্ন। স্পিডবোটের মাধ্যমে খাদ্য ও ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া হচ্ছে। জেলা ও ব্লক স্তরে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম খোলা হয়েছে।

হুগলি জেলার খানাকুলে বহু বাড়ি ঘর জলমগ্ন। বন্যা পরিস্থিতির এখনও তেমন উন্নতি হয়নি। প্লাবিত জেলার বলাগড়ও। পুড়শুড়া ব্লকের বিস্তীর্ণ এলাকায় বন্যার জলে ভেঙেছে ঘরবাড়ি। পানীয় জলের সমস্যা তুঙ্গে।

দুই মেদিনীপুরের বন্যা পরিস্থিতিও জটিল আকার নেওয়ায় জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীকে কাজে লাগানো হচ্ছে। এদিকে, ঘাটাল ব্লকের অজবনগর এক ও দুই, দেওয়ানচক এক নম্বর গ্রাম পঞ্চায়েতের কয়েকটি গ্রামে যান ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ন সংগ্রাম কমিটির প্রতিনিধিরা। ত্রাণ সামগ্রী বন্টন করেন তারা।

বাঁকুড়ার মুকুটমণিপুরে কংসাবতী জলাধার থেকে জলছাড়ায় একাধিক গুরুত্বপূর্ণ সেতু জলের তলায়। দুর্গাপুর ব্যারেজ থেকে ছাড়া জলে বড়জোড়া ও সোনামুখী ব্লকে মানাচর এলাকায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – দেবাশিষ)

মুর্শিদাবাদের বহরমপুর ব্লক'ও বন্যা কবলিত। সাঁটুই চৌরিগাছা পঞ্চায়েতের হটনগর, কাঁঠালিয়া, সন্তোষনগর সহ একাধিক গ্রাম প্লাবিত। চারটি গ্রামের ১৫টি পরিবারকে ত্রাণ শিবিরে সরিয়ে দেওয়া হয়েছে। ব্লক প্রশাসনের পক্ষ থেকে বাঁধের ভাঙা অংশ মেরামতির কাজ চলেছে জোরকদমে।

বন্যা কবলিত এলাকাগুলিতে, স্কুল কর্তৃপক্ষ নিজেদের মতো করেই একাদশ শ্রেণীর পরীক্ষার রুটিন পরিবর্তন করতে পারবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি জানিয়েছেন।

oooooooooooooooooooooooooo

ডিভিসির ছাড়া জলে নয়, বরং রাজ্য সরকারের যথাযথ প্রস্তুতির অভাবেই একাধিক জেলায় সাম্প্রতিক বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। পাশাপাশি, কংসাবতী নদীবাঁধ থেকে জল ছাড়ার ফলেও রাজ্যে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বলে দাবি করে রাজ্যপাল, রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। চিঠিতে রাজ্যপাল লেখেন, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম মেদিনীপুর কোনভাবেই ডি ভি সির আওতাভুক্ত নয়। কংসাবতী, শিলাবতী ও দ্বারকেশ্বর নদী এলাকায় প্রচুর বৃষ্টিপাত এবং কংসাবতী নদীর উপর মুকুটমণিপুর বাঁধ থেকে জল ছাড়ার ফলে এইসব এলাকা প্লাবিত হয়েছে। এর আগে বন্যা পরিস্থিতি ও তার প্রেক্ষিতে রাজ্য সরকারের প্রস্তুতি নিয়েও মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছিলেন তিনি।

oooooooooooooooooooooooo

বিজেপি দক্ষিণবঙ্গের বন্যা পরিস্থিতির জন্য রাজ্য সরকারকে দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বন্যা কবলিত পাঁশকুড়া এবং হুগলীর বিভিন্ন এলাকা পরিদর্শন করে ত্রাণ বিতরণ করেছেন। শুভেন্দুবাবু বলেন ২০২২ সাল থেকে নদী বাঁধগুলির রক্ষণাবেক্ষণ হয়নি, ফলে তা সহজেই ভেঙে পড়েছে। বিশ্বব্যাঙ্ক মেরামতের জন্য টাকা দিলেও রাজ্য সরকার সেই কাজ করেনি কেন ? সেই প্রশ্নও তোলেন বিরোধী দলনেতা । কংসাবতী জলাধার থেকে জল ছাড়ার বিষয়েও রাজ্য সরকারকে কটাক্ষ করেছেন শুভেন্দুবাবু।

তিনি বলেন, ডি ভি সি-র জল ছাড়ার দিকটিও রেগুলেটরি কমিটি দেখে। তাতে রাজ্য সরকারেরও প্রতিনিধি রয়েছে।

ভারত সেবাশ্রম, রামকৃষ্ণ মিশনের মতো স্বেচ্ছাসেবী সংগঠনগুলিকে দুর্গতদের পাশে দাঁড়ানোর আর্জি জানিয়েছেন শুভেন্দু।

oooooooooooooooooooooo

ডিভিসি এক তরফাভাবে কখনোই জল ছাড়তে পারে না বলে বরিষ্ঠ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। ড্রেজিং-এর সমস্যা বাস্তাব হলেও সেটাকে অজুহাত করে রাজ্য সরকারের বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে না তোলা যুক্তিগ্রাহ্য হতে পারে না বলে অধীরবাবু মন্তব্য করেছেন।

oooooooooooooooooooooooo

কলকাতা সহ পাঁচ জেলায় গঙ্গার দু-পাড়ে ভাঙনের কারণ খুঁজতে রাজ্য সরকার সমীক্ষা করানোর সিদ্ধান্ত নিয়েছে। কলকাতা, দুই ২৪ পরগনা, হাওড়া ও হুগলী জেলার গঙ্গা তীরবর্তী মোট ১১৪ কিলোমিটার অঞ্চল জুড়ে এই সমীক্ষা করা হবে। এই জেলাগুলিতে গঙ্গা ভাঙনের রিপোর্ট পাওয়ার পর বিশেষজ্ঞ সংস্থাকে দিয়ে সমীক্ষা করানোর কথা জানিয়েছে সেচ দফতর। হুগলীর ত্রিবেনী থেকে পূর্ব মেদিনীপুরের গেঁওখালী পর্যন্ত এলাকাজুড়ে বিশদে সমীক্ষা হবে। খতিয়ে দেখা হবে হুগলী নদীর সংযোগকারী বিভিন্ন নদ-নদী ও খালের বর্তমান অবস্থাও। এরই সঙ্গে ২৫ বছরের আবহাওয়া রিপোর্টও পর্যালোচনা করবেন সমীক্ষকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

RG Kar হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা, তাঁদের কর্মবিরতি আংশিক প্রত্যাহার করে ৪২ দিন পর আজ জরুরী বিভাগে কাজে যোগ দিয়েছেন। রাজ্য সরকার তাদের দাবি মেনে সমস্ত সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজে নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করার জন্য ১০ দফা নির্দেশিকা জারি করেছে। গত বৃহস্পতিবার স্বাস্থ্য ভবনের সামনে থেকে অবস্থান বিক্ষোভ'ও তুলে নেওয়ার কথা ঘোষণা করেছিলেন জুনিয়ার ডাক্তাররা।

বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের জুনিয়ার চিকিৎসকেরা বন্যা কবলিত এলাকায় পরিষেবা দিতে পৌঁছে গেছেন। পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ার বিস্তীর্ণ এলাকায় চাল-ডাল-আলু-বিস্কুটের মতো ত্রাণ সামগ্রী তারা বন্যার্তদের কাছে পৌঁছে দিচ্ছেন। পাশাপাশি খোলা হয়েছে অভয়া স্বাস্থ্য ক্লিনিক।

পশ্চিম মেদিনীপুরের ট্যাবাগেড়িয়া সহ পার্শ্ববর্তী ৫-৬-টি গ্রাম বন্যার জলে প্লাবিত হয়। সেখানে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের তরফ থেকে অভয়া ত্রাণ শিবির খোলা হয়েছে।

নদীয়ার কল্যাণীর জে এন এম হাসপাতালের জুনিয়ার ডাক্তাররাও আজ কাজে ফিরেছেন।

কোচবিহারে মহারাজা জিতেন্দ্র নারায়ণ মেডিকেল কলেজ ও হাসপাতালে জুনিয়ার চিকিৎসকরা আজ কাজে যোগ দেননি। আগামী সোমবার থেকে তারা আংশিকভাবে কাজ শুরু করবেন বলে জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

জুনিয়ার ডাক্তাররা আজ কাজে যোগ দেওয়ায় সন্তোষ ব্যক্ত করেছেন রাজ্যে পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম।

(বাইট – ফিরহাদ)

এদিকে, শারদোৎসবের দিনগুলিতে কলকাতা পুরসভার আওতায় থাকা পুর স্বাস্থ্য কেন্দ্রগুলি খোলা থাকবে। সেখানে রক্ত পরীক্ষার মতো কাজও চলবে বলে মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। আজ পুরভবনে টক টু মেয়র অনুষ্ঠানে ফিরহাদ হাকিম বলেন, পুজোর সময় স্বাস্থ্য কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। পুজো মন্ডপগুলিতে যাতে মারণ রোগের প্রকোপ সম্পর্কে সচেতনতার প্রচার করা হয় তার জন্য তিনি পুজো উদ্যোক্তাদের অনুরোধ জানিয়েছেন। পাশাপাশি জোর দেওয়া হচ্ছে নজরদারিতেও।

oooooooooooooooooooooo

আর.জি করের ঘটনার প্রতিবাদ কর্মসূচী ও মিছিলে অংশ নেওয়ায় দুই ছাত্রীকে তাঁর ক্লাস থেকে বের করে দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল নেতা, রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা বাঁকুড়া সারদামণি মহাবিদ্যালয়ের বিভাগীয় প্রধান অধ্যাপক শ্যামল সাঁতরার বিরুদ্ধে। ওই ঘটনার প্রতিবাদে আজ সকাল থেকে কলেজের গেটের বাইরে অবস্থান কর্মসূচী শুরু করেন ছাত্রীদের একাংশ। যদিও শ্যামল সাঁতরার দাবি, ঐ ছাত্রীরা গত একমাস ধরে ক্লাসে অস্বাস্থ্যকর পরিবেশ তৈরি করছিল। তাই তাঁদের ক্লাসে ঢুকতে নিষেধ করা হয়েছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ দেবব্রত মুখোপাধ্যায় সমস্যা মিটিয়ে আজ থেকেই ওই ছাত্রীদের ক্লাসে ফেরানোর ব্যবস্থা করবেন বলে জানান।

oooooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক ছাত্রীকে ধর্ষণ ও খুনের তদন্তে আজ সিবিআই সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ ডাক্তার বিরূপাক্ষ বিশ্বাস এবং অভীক দে-কে জিজ্ঞাসাবাদ করছে। গত ৯-ই আগস্ট ঘটনার দিন আর জি কর হাসপাতালের সেমিনার হলে ওই দু-জনকে দেখা গিয়েছিল বলে অভিযোগ। তাদের বিরুদ্ধে অন্যান্য চিকিৎসকদের হুমকি দেওয়ারও অভিযোগ রয়েছে। জিজ্ঞাসাবাদ করা হচ্ছে আর জি কর-এর চিকিৎসক সৌরভ পালকেও।

oooooooooooooooooooooo

গভীর সমুদ্রে ট্রলার দুর্ঘটনায় উদ্ধার হওয়া ৮ মৎস্যজীবীকে আজ দক্ষিণ ২৪ পরগনার নামখানা ঘাটে ফিরিয়ে আনা হয়েছে। মৎস্যবন্দর থেকে অ্যাম্বুলেন্সে করে তাদের নিয়ে যাওয়া হয় কাকদ্বীপ মহকুমা হাসপাতালে। ৬ জনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে।

"এফ বি বাবা গোবিন্দ" – নামের ওই ট্রলারটি গভীর রাতে সমুদ্রে টর্নেডোর কবলে পড়ে উল্টে যায়। আশেপাশের ট্রলারগুলির মৎস্যজীবীরা তাদের উদ্ধার করেন। এখনও নিখোঁজ রয়েছেন ৯ জন মৎস্যজীবী। তাদের সন্ধানের চেষ্টা চালানো হচ্ছে। প্রবল উদ্বেগ নিয়ে নামখানা মৎস্য বন্দরে তাদের পরিবারগুলি অপেক্ষা করছে বলে জানা গেছে।

oooooooooooooooo

ঝাড়গ্রামের প্রাক্তন সাংসদ কুনার হেমব্রম প্রয়াত। এস এস কে এম হাসপাতালে আজ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৬২ বছর। ২০১৯ সালে লোকসভা ভোটে বিজেপি-র টিকিটে জয়ী হয়ে সাংসদ হয়েছিলেন কুনার। কিন্তু ২০২৪ লোকসভা নির্বাচনের আগে তিনি বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দেন।

ooooooooooooooooo

তৃতীয় এন ডি এ সরকার ক্ষমতায় আসার ১-শো দিন পূর্ণ হয়েছে। এ সময়কালে পরিকাঠামো, কৃষক, মধ্যবিত্ত, মহিলা এবং যুব সম্প্রদায়ের ওপর বিশেষ নজর দিয়ে ১৫ লক্ষ কোটি টাকার নানা প্রকল্পের সূচনা করেছে। মধ্যবিত্ত সমাজের ক্ষমতায়ন ও জীবনযাত্রার স্বাচ্ছন্দ্যে নরেন্দ্র মোদি সরকার একাধিক উদ্যোগ নিয়েছে। তৃতীয় মোদি সরকারের প্রথম ১-শো দিনে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ১ কোটি গৃহ নির্মাণ করা হয়েছে।

এক দেশ এক নির্বাচনকে এন ডি এ সরকারের একটি গুরুত্বপূর্ণ সংস্কারমূলক পদক্ষেপ বলে উল্লেখ করেছেন কোচবিহারের দক্ষিণের বিজেপি বিধায়ক নিখিল রঞ্জন দে।

( বাইট – নিখিলরঞ্জন দে)

oooooooooooooooooooooo

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে, চক্ররেলের চল্লিশ বছর পূর্তিতে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই উপলক্ষ্যে আজ কলকাতা স্টেশন থেকে প্রিন্সেপ ঘাটের উদ্দেশ্যে একটি বিশেষ ট্রেন চালায় রেল। গত এক দশকে চক্ররেলের যাত্রী পরিবহন প্রায় ২০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে দাবী করেছে রেল কর্তৃপক্ষ। চক্ররেল পথে প্রতিদিন ২৭-টি ট্রেল চলাচল করে। শিয়ালদহ ডিভিশনের ডিভিসনাল পারসনেল অফিসার একলব্য চক্রবর্তী জানান।

ooooooooooooooo

আইএসএল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং, এফ সি গোয়ার মুখোমুখি হয়েছে। যাদবপুরের কিশোর ভারতী ষ্টেডিয়ামে সন্ধ্যা সাড়ে সাতটায় খেলা শুরু হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোল শূন্য রয়েছে।

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের সুপার সিক্স পর্বের ম্যাচে আজ ব্যারাকপুর ষ্টেডিয়ামে ভবানীপুর ক্লাব ৪-১ গোলে সুরুচি সংঘকে হারিয়ে দিয়েছে। অবনমন পর্বের ম্যাচে আজ কল্যানীতে উয়াড়ি ৫-১ গোলে ইস্টার্ন রেলকে পরাজিত করেছে। বিধাননগরে আর্মি রেড ও কালীঘাট মিলন সংঘর খেলাটি গোলশূন্যভাবে শেষ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন জেলায় বর্তমান বন্যা পরিস্থিতিতে বহু মানুষ বিপন্ন। বন্যা কবলিত মানুষের সাহায্যে ইস্টবেঙ্গল ক্লাব এগিয়ে এসেছে। ক্লাবের পক্ষ থেকে ১৫ লক্ষ টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ বার্ষিক সাধারণ সভার শেষে ইস্টবেঙ্গল ক্লাবের তরফে এক প্রেস বিবৃতিতে এই খবর জানানো হয়েছে। এদিনের সভায় ক্লাবের ভবিষ্যৎ পরিকল্পনায় ইউথ ডেভলপমেন্টের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০